ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৪৩

অমরপুর,৫ আগস্ট,২০২৫

**অমরপুরে সহায়কমূল্যে ধান কেনার সূচনা**

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে রাজ্যের বিভিন্ন স্থানের সঙ্গে অমরপুরেও ন্যূনতম সহায়কমূল্যে কৃষকদের কাছ থেকে আজ রবি মরশুমের ধান ক্রয়ের প্রক্রিয়া শুরু হয়েছে। অমরপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে ধান সংগ্রহ কেন্দ্রে কৃষকদের কাছ থেকে ধান কেনা শুরু হয়েছে। প্রতি কেজি ধানের সহায়কমূল্য ২৩ টাকা ধরা হয়েছে। এই ধান সংগ্রহ কেন্দ্রে অম্পি কৃষি মহকুমা, অমরপুর কৃষি মহকুমা এবং করবুক কৃষি মহকুমার কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ করা হবে। এই ধান ক্রয়ের প্রক্রিয়া আগামী ১৪ আগস্ট পর্যন্ত চলবে। অমরপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে ন্যূনতম সহায়কমূল্যের ধান ক্রয়ের কেন্দ্রের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, মহকুমা শাসক অনুপম চক্রবর্তী প্রমুখ। ধান ক্রয়ের শুরুতে বিধায়ক রঞ্জিত দাস ধান ক্রয়কেন্দ্রে উপস্থিত ৩ জন কৃষককে ফুলের তোড়া ও উত্তরীয় পরিয়ে সংবর্ধনা প্রদান করেন।

*****